

Class 8

Bengali

কবিতা-জীবন সংগীত ।

কবি-হেমচন্দ্র সেন।

বলো না কাতর স্বরে, বৃথা জন্ম এই সংসারে
এ জীবন নিশার স্বপন,
দাদা পুত্র পরিবার তুমি কার কে কাহার
ব'লে জীব করো না ক্রন্দন;
মানব-জনম সার এমন পারে না আর
বাহ্যদৃশ্যে ভুলো না রে মন;
কর যত্ন হবে জয় জীবাত্মা অনিত্য নয়
ওহে জীব কর আকিঞ্চন।

কবিতা-জীবন সংগীত

প্রশ্নোত্তর ।

১) কবি জীবনটাকে কিসের মতো করে ভাবতে নিষেধ করেছেন?

উত্তর-কবি জীবনটাকে রাত্রির স্বপ্নের মতো করে ভাবতে নিষেধ করেছেন ।

২) কবি কিসে জয় হবার কথা বলেছেন?

উত্তর-কবি ভালো কাজের মাধ্যমে নিজের মানব জন্মের উপর জয় হবার কথা বলেছেন ।

৩) কবি বাহ্যদৃশ্যে মনকে ভুলতে মানা করেছেন কেন?

উত্তর-বাহ্যদৃশ্য মনকে বিচলিত করে তুলে ও জীবনের লক্ষ্যে অমনোযোগী করে তুলে, তাই কবি বাহ্যদৃশ্যে মনকে ভুলতে মানা করেছেন ।

৪) আয়ুটা কীসের তো?

উত্তর-আয়ুটা শৈবালের নীরের মতো।

৫) প্রাতঃস্মরণীয় কারা?

উত্তর-মহাপুত্রী তাঁরাই আমাদের প্রাতঃস্মরণীয় ।

কবিতা-জীবন সংগীত ।

সঠিক বানান বাছাই করো।

ক) ক্রন্দন/ক্রন্দান ।

উত্তর-ক্রন্দন।

খ) বাহ্যদৃশ্য/বাহ্যদৃশ্য।

উত্তর-বাহ্যদৃশ্য।

গ) আকিনচন/আকিঞ্চন।

উত্তর-আকিঞ্চন।

শব্দার্থ ।

অ) বৃথা-অনর্থক।

আ) নিশার-রাত্রির।

ই) স্বপন-স্বপ্ন।

ঐ)দারা-পল্লী ।
উ)ক্ষণ-মুহূর্ত।
ঊ)বেগে-দ্রুতগতিতে।
ঋ)আয়ু-জীবিতকাল।
এ)নীর-জল।

সঠিক উত্তর বাছাই করো।

অ)বলো না কাতর স্বরে, বৃথা জন্ম এ-(সংসারে/ভুবনে)।
উত্তর-সংসারে।
আ)এ জীবন নিশার-(রোদন/স্বপন)।
উত্তর-স্বপন।
ই)দাদা পুত্র-(গৃহদ্বারা/পরিবার)তুমি কার কে কাহার ।
উত্তর-পরিবার।

বাক্য রচনা ।

ক)বৃথা-কুকর্মে জীবন বৃথা হয়ে যায় ।
খ)দুর্লভ-ভালো মানুষ এখন দুর্লভ ।
গ)মহিমা-ঐশ্বরের মহিমা অপার।
ঘ)সম্পদ-সকলের জন্য স্বাস্থ্যই মূল্যবান সম্পদ ।

গল্প-অতিথি

শব্দার্থ

সামর্থ-ক্ষমতা
মর্যাদা-সম্মান
অন্যমনস্ক-অন্যমনে চিন্তা
নালিশ-অভিযোগ
হাঁক-ডাক
স্থান-জায়গা

সঠিক উত্তর বাছাই করে লিখ।

ক)'অতিথি' গল্পের লেখক হলেন-
উত্তর-শরৎচন্দ্র।
খ)লেখক শরৎচন্দ্রের একজন বন্ধু হল-
উত্তর-একটি কুকুর।
গ)একদিন অতিথিকে তাড়িয়ে দিয়েছিল-
উত্তর-মালি বউ।
ঘ)খাবারগুলি সব চেঁচে-পুঁছে নিয়ে গেছে-
উত্তর-মালি-বউ।
ঙ)অতিথি বারান্দার নীচে উঠানের ধুলোয় পরম নিশ্চিন্তে-
উত্তর-স্থান।

প্রশ্নোত্তর ।

ক)ভ্রমণে বের হয়ে লেখকের সঙ্গী কে?
উত্তর- ভ্রমণে বের হয়ে লেখকের সঙ্গী হল একটি কুকুর।

খ)লেখক কাল কাকে নেমন্তন্ন করেছিল?

উত্তর-লেখক কাল একটি কুকুরকে নেমন্তন্ন করেছিল ।

গ)কার পিঠের লোম উঠে গেছে?

উত্তর-লেখকের অতিথি সেই কুকুরটির পিঠের লোম উঠে গেছে ।

ঘ)লেখকের নেমন্তন্ন কে রক্ষা করতে পারেনি?

উত্তর-লেখকের অতিথি সেই কুকুরটি লেখকের নেমন্তন্ন রক্ষা করতে পারেনি ।

ঙ)লেখকের খাবারে প্রবল অংশীদার কে ছিল?

উত্তর-লেখকের খাবারে প্রবল অংশীদার ছিল লেখকের অতিথি সেই কুকুরটি।